আলমডাঙ্গায় আদালতের রায় পেয়েও জমির দখল না পেয়ে সংবাদ সম্মেলন

আদালতের রায় পাবার পরও জমি দখল না পাওয়ায় বিচার চেয়ে সংবাদ সম্মেলন করেছে। গতকাল সোমবার রাত সাড়ে ৭ টার দিকে উপস্থিত সংবাদকর্মীদের নিকট লিখিত অভিযোগ পাঠ করেন আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের মৃত আরশেদ আলির ছেলে আলি আকবার।

তিনি লিখিত সংবাদ সম্মেলনে উল্লেখ করেন, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর নতুন বাস স্ট্যান্ড এলাকায় ৪২৬ নং খতিয়ানের ১০৩১৪ নং দাগে ১৭ শতক জমি রয়েছে। ওই জমির মালিকানায় রয়েছে মৃত আরশেদ আলি গং। ওই জমি আওয়ামীলীগ সরকার থাকাকালীন গোবিন্দপুর গ্রামের যুবলীগ নেতা সাদেকুর রহমান পলাশ, লাভলু ও শামিমের নেতৃত্বে জবর দখল হয়। তারপর বাধ্য হয়ে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা দেওয়ানী আদালতে মামলা দায়ের করি। গত দুই বছর মামলা চলার পর আদালত আমার পক্ষে রায় দেন। রায় বুঝিয়ে পাবার পর ওই রায়ের একটি কপি আলমডাঙ্গা থানা পুলিশের নিকট জমা দি।

তিনি আরও বলেন, রায়ের কপি পাবার পর থানাপুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে জবর দখলকারী সামিমকে প্রকৃত মালিককে জমি বুঝিয়ে দিতে বলে। সামিম জমি দখল না দিয়ে অন্য জমির দাগ দেখিয়ে সামিমের নির্দেশে সাদেকুর রহমান পলাশের স্ত্রীকে দিয়ে একটি মিথ্যে মামলা দায়ের করে। যার সাথে আমার দখলীয় জমির কোন মিল নেই।

এছাড়া সামিম স্থানীয় জামায়াত নেতার মাধ্যমে আলমডাঙ্গা থানাতেও একটি মিথ্যে লিখিত অভিযোগ করে। থানা পুলিশ আমার কাগজপত্র যাচাই বাছাই করে তারাও আমার পক্ষে রায় দেন। এমনতবস্থায় গত ২৯ শে সেপ্টেম্বর আমার কাছে ঘর ভাড়া নেবার জন্য সালিশ বসে। কিন্তু ওই শালিসে চুক্তি বিহীন ভাড়া দাবি করলে আমি রাজি না হওয়ায় তারা ২০/২৫ জন জামায়াত নেতা শফিকুল আলম বকুল ও সামিমের নেতৃত্বে দুলুসহ কয়েকজন আওয়ামীলীগের সদস্য আমার বসতবাড়িতে উপস্থিত হয়ে গালিগালাজ ও হুমকি ধামকি দেয়।

এমতাবস্থায় আমি সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রশাসনের কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জোর দাবি জানাচ্ছি।

আলমডাঙ্গার অধ্যক্ষ আব্দুস সাত্তারের স্বরণসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার অতিপরিচিত মুখ অধ্যক্ষ আব্দুস সাত্তারের স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০ টার সময় বড় বোয়ালিয়া সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে প্রগতি তরুণ সংঘের উদ্যোগে এই স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে।

অধ্যক্ষ আব্দুস সাত্তারের মৃত্যুতে তার পরিবার, আত্মীয়স্বজন, কবি-সাহিত্যিক, বাউল সাধু, এলাকার গুনীজনদের নিয়ে এই স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে। অধ্যক্ষ আব্দুস সাত্তার গত ১২ তারিখে ঢাকা নিউরো সায়েন্স হসপিটালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। গত সোমবার বাদ আসর জানাজা শেষে দাফনকাজ সম্পন্ন হয়।

অধ্যক্ষ আব্দুস সাত্তারের ভাই কোরবান আলির সার্বিক তত্ত্বাবধানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন, সামসুর রহমান বাবলু। প্রধান অতিথি ছিলেন, বীর মুক্তিযোদ্ধা আনিস উদ্দিন।

বিশেষ অতিথি ছিলেন, ভাংবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান কাইসার আহম্মেদ বাবলু, হাটবোয়ালিয়া গার্লস স্কুলের সাবেক প্রধান শিক্ষক গালস ফজলুর হক জোয়ার্দার, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের সাবেক প্রাধান শিক্ষক সিরাজুল ইসলাম, হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মতিউল হুদা, হাটবোয়ালিয়া বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শরিফুজ্জামান লাকী, হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক কবি আসিফ জাহান, সমাজ সেবক জিনারুল ইসলাম, কবি সিদ্দিকুর রহমান প্রমুখ।

আলমডাঙ্গায় রিক্সা-ভ্যান শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত

আলমডাঙ্গার উপজেলা মঞ্চ চত্ত্বরে উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে রিক্সা-ভ্যান শ্রমিক সমাবেশে অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ টার সময় শ্রমিক সমাবেশে সভাপতিত্ব করেন, উপজেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি মোঃ মেহেদী ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় শ্রমিক ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক আক্তারুজ্জামান। তিনি বলেন, আমরা জীবনে আপনাদের মুসিপদে ফেলে চলে যাব না। সব সময় আমরা আপনাদের পাশে থাকবো, সৎ পথে থেকে আপনারা যেমন উপার্জন করেন তেমনি আমরা আমাদের বুকে টেনে নেব – এই গ্যারান্টি দিতে পারি।

আমরা যখন রাতের বেলায় বিপদে পড়ি, হাসপাতালে হোক, রেল স্টেশনে হোক বা কোনো জরুরি কাজে হোক আপনাদের সব সময় পাশে পাই, তাই আপনারা আমাদের কাছে সবচাইতে গুরুত্বপূর্ণ ব্যাক্তি।

তিনি আরও বলেন, আমরা আওয়ামী লীগের শাসন আমল দেখেছি, সেই শাসন আমলে আপনাদেরকে ভোটের কাজে ব্যাবহার করে ভোট শেষে আর কখনও খোজ নেয়নি, আমরা কথা দিলাম, আজকে যেভাবে আপনাদেরকে কাছে ডেকে নিয়েছি ভবিষ্যতে এই ভাবেই আপনারা থাকবেন। তবে কথা দেন আমাদের ছেড়ে চলে যাবেন না, আমরা আপনাদের সাথে অন্তত বেইমানি করবো না।

সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা আমির রুহুল আমিন। এসময় তিনি বলেন, আপনারা যারা দিনরাত গায়ের রক্তঘাম ঝরিয়ে সৎ উপার্জন করেন, তারা সত্যিকার সৎ মানুষ, যাদের কোন বড় চাহিদা নেই, আমি আপনাদের কাছে ওয়াদা করছি, আপনাদের ভোটে নির্বাচিত হয়ে আমরা কোন অসৎ অর্থ উপার্জন করবো না। আমি বলতে চাই,”সৎলোকের শাসন কায়েম হয়েছে এই জমিনে এই দৃশ্য দেখে মৃত্যুবরণ করার তৌফিক আল্লাহ আমাদের দান করে দিও। আজকে আপনারা যারা জামায়াতের আদর্শে অনুপ্রাণিত হয়ে শ্রমিক ফেডারেশনের সাথে যুক্ত হয়েছেন, তাদের আমরা আমাদের সহোদর ভাইয়ের মত আপন হিসেবে আমাদের বুকে টেনে নিলাম। আমরা স্পষ্ট ভাবে জানিয়ে দিতে চাই, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাথে রাজনৈতিক ভাবে

জড়িত থাকলে দুনিয়াতে কতটুকু শক্তি অর্জন করতে পারবেন জানি না, তবে আপনি মানসিক প্রশান্তি পাবেন এ ব্যাপারে কোন সন্দেহ নেই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের সেক্রেটারি ও চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য প্রার্থী এ্যাড. মাসুদ পারভেজ রাসেল, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি কাইয়ুম উদ্দিন হিরক, জেলা সমাজকল্যাণ সম্পাদক আলতাফ হোসেন, জেলা যুব বিভাগের সভাপতি নূর মোহাম্মদ হুসাইন টিপু, জেলা আইন ও আদালত বিষয়ক সম্পাদক মোঃ দারুস সালাম, আলমডাঙ্গা উপজেলা আমীর প্রভাষক শফিউল আলম বকুল, পৌর আমির মাহের আলী, জেলা শ্রমিক কল্যান সম্পাদক মহসিন আলী, উপজেলা জামায়াতের সাধারণ সম্পাদক মামুন রেজা, পৌর জামায়াতের সম্পাদক মসলেম উদ্দিন, উপজেলা নায়েবে আমির ইউসুফ আলী মাষ্টার, সহকারি সেক্রেটারি তরিকুল ইসলাম, সহকারি সেক্রেটারি বেলাল হোসেন প্রমুখ।

স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বিএনপি’র বিকল্প নাই

আলমডাঙ্গায় নির্বাচনী প্রচার প্রচারণার অংশ হিসেবে পথসভায় উপস্তিত হলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু।

আলমডাঙ্গা পৌরসভার হাজী মোড় ঘুরে চারতলার মোড় হয়ে আল তায়েবা মোড় থেকে আলিফ উদ্দিন রোড় শেষে নেতাকর্মী ও জনগণের উদ্দেশ্য বক্তব্য দেন। তিনি তার বক্তব্যে বলেন, বাংলার স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বিএনপি সরকারের কোন বিকল্প নেই। জনগণের পাশে থেকে নির্বাচন করতে হবে। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শে গড়া দল বিএনপি’র পতাকা তলে সকলকে ঐক্যবদ্ধ করে ভোটে বিজয় ছিনিয়ে এনে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের হাত কে শক্তিশালী করতে হবে।

নির্বাচনী প্রচারণা ও পথসভায় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র ভাইস চেয়ারম্যান সহিদুল কাওনাইন টিলু মিঞা, সাবেক সাধারণ সম্পাদক

আসিরুল ইসলাম সেলিম, সাবেক কৃষক দলের সভাপতি বোরহান উদ্দিন, জেলা যুবদলের সহ-সভাপতি মাগরিবুর রহমান, হারদী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি মইনূল ইসলাম, নাগদাহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি আব্দুল ওহাব মাষ্টার, বারাদী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি আব্দুল লতিফ, কুমারী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি বিল্লাল হোসেন, জাইদুল ইসলাম, আশাদুল মেম্বার, তৈয়ব মেম্বার। এছাড়া উপস্থিত ছিলেন, কালিদাশপুর ইউনিয়ন বিএনপি’র নেতা মইনোদ্দিন, বেলগাছি ইউনিয়ন বিএনপি’র নেতা শরিফ উদ্দিন, আব্দুল মজিদ, ছাঁদ আলি, কামাল হোসেন, আব্দুল ওয়াহেদ, পান্না চৌধুরী, রফি মেম্বার, মালেক, হুমায়ুন, আলা উদ্দিন, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপি’র সন্টু মিঞা, আজিমুদ্দিন, রাশেদুল ইসলাম, ডালিম, রিমন, রাজা, খাদেমপুর ইউনিয়ন বিএনপি’র ডাউকি ইউনিয়ন বিএনপি’র ইউনোচ আলি, চিনিরোদ্দিন, হান্নান, বিল্লাল মাষ্টার, সেকেন্দার, যুবদল নেতা, সফিকুল আজম ডালিম, জাহাঙ্গীর, লিটন, সোহাগ, সেলিম, সালাম, আশরাফুল, রানা, রাসেল, আরিফ, দুদুল, শরিফুল মেম্বার, আতিয়ার, রাজশাহী মহানগর ছাত্রদলের সদস্য কাওনাইন রুবেল, কলেজ ছাত্রদলের আহ্বায়ক আশিকুর রহমান, সুমন আলি, নাজমুল হাসান, রিপন আলি সামিউল হাসান সানি, লিটন হাসান, সবুজ, সেজান, বাংলাদেশ গণতন্ত্র পরিষদের চপল, রাজু আহম্মেদ, হিমেল প্রমুখ।

আলমডাঙ্গা স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরির উদ্যোগে শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান আলোচনা

আলমডাঙ্গা স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরির উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞান আলোচনা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টায় স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরি মিলনায়তনে অনুষ্ঠিত হয় বিজ্ঞান বিষয়ক এক প্রাণবন্ত আলোচনা সভা।

অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক বশির আহমেদ। তিনি আলোচনায় বলেন, “বিজ্ঞানের অগ্রগতি ছাড়া পৃথিবীতে টিকে থাকা কঠিন। আধুনিক পৃথিবীতে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ কিংবা অস্ত্রে পরাক্রমশালী দেশকে উন্নত বলা যায় না। যে দেশ বিজ্ঞানে উন্নত, সেই দেশই সত্যিকারের উন্নত। বিজ্ঞান মুখস্থ করার বিষয় নয়—এটি জানার ও বোঝার বিষয়।

শিক্ষার্থীদের পরিবার ও সমাজ উভয় ক্ষেত্রেই বিজ্ঞানভিত্তিক চেতনায় উদ্বুদ্ধ করতে হবে। পাশাপাশি স্কুল পর্যায়ে আধুনিক ও কার্যকর বিজ্ঞানাগারের ব্যবস্থা থাকা প্রয়োজন।” অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নবম ও দশম শ্রেণির প্রায় ২০০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। এছাড়া ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

শিক্ষকদের মধ্যে ছিলেন, হাটবোয়ালিয়া মাধ্যমিক স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মতিউল হুদা, কুমারী ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হান্নান, আলমডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো. হাসিনুর ইসলাম, আলমডাঙ্গা সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো. সিদ্দিকুর রহমান।

এছাড়া আরো উপস্থিত ছিলেন, হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো: আলমগীর কবির, হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোছা: সানজিদা পারভীন, এরশাদপুর একাডেমির সহকারী শিক্ষক মোছা: আফরোজা খুশি ও মো: আব্দুল হান্নান।আপ্যায়নে ও শৃঙ্খলায়- তুষার মুক্ত স্কাউটের চৌকস সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা কোর্টপাড়া

কমিউনিটির উদ্যোগে পরিচ্ছন্নতা কর্মসূচি সম্পন্ন

আলমডাঙ্গা কোর্টপাড়া কমিউনিটির উদ্যোগে পরিচ্ছন্নতা কর্মসূচি সম্পন্ন হয়েছে।” একটি স্বপ্ন বিনির্মানে মানবিক নাগিরিক সেবায় ঐক্যবদ্ধ আমরা” কোর্টপাড়া কমিউনিটির শিক্ষা, চিকিৎসা, অন্ন, বস্ত্র, বাসস্থান একজন নাগরিকদের মৌলিক অধিকারে পাশে থাকবে এই স্লোগান কে সামনে রেখে এগিয়ে চলেছে এই স্বেচ্ছাসেবী সামাজিক নাগরিক সমাজ। গতকাল শুক্রবার সকাল ৭ টা থেকে ১টা পর্যন্ত মহল্লার সকল গলি, অপরিচ্ছন্ন স্থান, খাল প্রভৃতি স্থানে পরিচ্ছন্ন কাজ করা হয়।

আলমডাঙ্গা কোর্টপাড়া কমিউনিটির সদস্য গোলাম মোস্তফা বিশ্বাস বলেন, প্রতি ১৫ দিন পরপর এই পরিচ্ছন্ন কাজ করা হবে। কমিউনিটির নিজ অর্থায়নে গাড়িতে করে নোংরা আবর্জনা অপসারণ করে শহরের বাহির ফেলা আসা হচ্ছে। যাতে মশা মাছি,বিভিন্ন রোগ জীবাণুর প্রাদুর্ভাব না হয় তার জন্য এই পরিচ্ছন্নতা কর্মসূচি অব্যাহত থাকবে।

এই পরিচ্ছন্নতা কর্মসূচিতে অংশ গ্রহণ করেন, আলমডাঙ্গা কোর্টপাড়া কমিউনিটির আহব্বায়ক ইকবাল হোসেন, যুগ্ম আহ্বায়ক জহুরুল ইসলাম, দেলোয়ার হোসেন, সদস্য গোলাম বিশ্বাস, ইসলাম মোল্লা, আবু সাইদ, রফিকুল ইসলাম, ফারুক হোসেন, রনি, বাবলু হোসেন, আব্দুর রশিদ, ইকরামুল হক বুলু, রবিউল হক, রাসেল, জামেল, হিমেল বিশ্বাস, জাহাঙ্গীর হোসেন, রাসেল(ছোট), মন্ডল, মামুন প্রমুখ।

আলমডাঙ্গায় বিএনপি নেতাকর্মীসহ ৪ শতাধিক জনের

জামায়াতে যোগদান

আলমডাঙ্গা উপজেলার বিএনপিসহ বিভিন্ন দলের ৪ শতাধিক নেতাকর্মী জামায়াতে ইসলামীতে যোগ দিয়েছেন। গতকাল বুধবার আলমডাঙ্গা উপজেলার বেলগাছি মাধ্যমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এক নির্বাচনী সভা ও যোগদান অনুষ্ঠানে তারা আনুষ্ঠানিকভাবে জামায়াতে যোগ করেন। অনুষ্ঠানে ফুলের মালা পরিয়ে নবাগতদের বরণ করে নেন জামায়াত নেতারা।

বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি জাহিদুল ইসলাম সলকসহ বিএনপি ও বিভিন্ন দলেন প্রায় চার শতাধিক নেতাকর্মী এ অনুষ্ঠানে জামায়াতের জেলা আমীর রুহুল আমিনের হাতে হাত রেখে শপথ নেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর রুহুল আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা সেক্রেটারি আসাদুজ্জামান আসাদ, সহকারী সেক্রেটারি মাসুদ পারভেজ রাসেল এবং আলমডাঙ্গা উপজেলা জামায়াতের আমীর প্রভাষক শফিউল আলম বকুল। সভাপতিত্ব করেন বেলগাছি ইউনিয়ন জামায়াতের সভাপতি আমান উদ্দিন।

জামায়াত নেতারা অনুষ্ঠানে বলেন, বিএনপি’র ব্যর্থ রাজনীতিতে হতাশ হয়ে জনগণের কল্যাণে কাজ করার লক্ষ্যেই অনেকে জামায়াতে ইসলামীতে যোগ দিচ্ছেন। তারা নতুনদের সক্রিয়ভাবে সংগঠনকে শক্তিশালী করার আহ্বান জানান।

এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন মুঠোফোনে মেহেরপুর প্রতিদিন কে বলেন, “আমাদের কোনো নেতাকর্মী জামায়াতে যোগ করেনি। যারা যোগ দিয়েছে তারা আওয়ামী লীগের কর্মী ও সাধারণ জামায়াত ভোটার। এছাড়াও বিভিন্ন ইউনিয়ন থেকে লোক এনে শো আয়োজন করা হয়েছে।”

তিনি আরও বলেন, “বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি জাহিদুল ইসলাম সলককে ১১ অক্টোবর শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে দল থেকে বহিষ্কার করা হয়েছে।”

এবিষয়ে যোগাযোগের চেষ্টা করা হলেও চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর রুহুল আমিনের ফোন রিসিভ করা সম্ভব হয়নি। আলমডাঙ্গা উপজেলা জামায়াতের সেক্রেটারি মামুন রেজা জানান, বিএনপি ও সহযোগী সংগঠন থেকে চার শতাধিক ব্যক্তি জামায়াতে ইসলামীতে যোগ দিয়েছেন।

আলমডাঙ্গায় কৃষকদের বিনামূল্যে বীজ ও সার বিতরণের উদ্বোধন

আলমডাঙ্গায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল ১০টার সময় উপজেলা কৃষি অফিস চত্বরে ২০২৫-২৬ অর্থবছরের রবি মৌসুমে সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় এ বীজ ও সার বিতরণ করা হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. মাসুদ হোসেন পলাশ।

উপজেলার ১৫টি ইউনিয়ন ও একটি পৌরসভায় মোট ৪৭০ জন বসতবাড়ি চাষযোগ্য সবজি চাষি, ১৩০ জন লাউ চাষি, ২৩০ জন বেগুন চাষি, ২৩০ জন মিষ্টি কুমড়া চাষি এবং ২৩০ জন শসা চাষিকে বিনামূল্যে বীজ ও প্রয়োজনীয় সার প্রদান করা হয়। এ সময় উপজেলা কৃষি অফিসের অন্যান্য কর্মকর্তা ও স্থানীয় কৃষকরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা কুমারী ইউনিয়নে শরিফুজ্জামান শরিফের গণসংযোগ ও পথসভা

আলমডাঙ্গা উপজেলা কুমারী ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ ও পথসভা করলেন শরিফুজ্জামান শরিফ।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ধানের শীষের বার্তা আলমডাঙ্গা উপজেলার সকল গ্রামের মানুষের মাঝে পৌঁছে দিতে

জনসংযোগ ও পথসভা করে চলেছেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা ১ আসনের মনোনয়ন প্রত্যাশী শরিফুজ্জামান শরিফ। তারই অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলা কুমারী ইউনিয়নে সকল গ্রামে গতকাল পথসভা ও জনসংযোগ করেন।

পথসভাকালে তিনি বলেন ধানের শীষ প্রতীকে আমরা ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে চাই। বাংলার মাটি থেকে দূর্ণীতিমুক্ত রাষ্ট্র গঠন করতে হলে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ বাংলার বুকে প্রতিষ্ঠা করতে হবে। জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের হাত শক্তিশালী করতে হলে আমাদের সকল ভেদাভেদ ভূলে এক হয়ে চুয়াডাঙ্গা-১ আসন থেকে ধানের শীষ প্রতীক কে বিজয়ী করতে হবে।

গণসংযোগ ও পথসভায় তার সঙ্গে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহসভাপতি আখতার হোসেন জোয়ার্দার, সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক মাহাবুল হক মাস্টার, সাংগঠনিক সম্পাদক খন্দকার কাজী সাচ্চু, জেলা জাসাসের সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মীর উজ্জ্বল, সদস্যসচিব রফিকুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক চৌধুরী আলম বাবু, পৌর যুবদলের আহ্বায়ক নাজিম উদ্দীন মোল্লা, সদস্য সচিব সাইফুল আলম কনক, যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের, সাবেক ছাত্রনেতা হাসিবুল ইসলাম, পৌর ছাত্রদলের সদস্যসচিব তন্ময় আহমেদ, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব জাকারিয়া হোসেন শান্ত।

এসময় আরও উপস্থি ছিলেন, আলমডাঙ্গা পৌর ৩নং ওয়ার্ড বিএনপির সভাপতি মনসুর আলী, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, ৬নং ওয়ার্ডের সভাপতি জাহাঙ্গীর আলম, সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম, ২নং ওয়ার্ডের সভাপতি তানভীর আহমেদ হাসিব ও সাধারণ সম্পাদক আব্দুল খালেক প্রমুখ।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমণ দিবস পালিত

আলমডাঙ্গায় ‘আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস’ পালিত হয়েছে। ‘স্মার্ট বাংলাদেশে দুর্যোগ প্রস্তুতি হোক সবার অঙ্গীকার’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে আলমডাঙ্গা উপজেলায় পালিত হয়েছে ‘আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস–২০২৫’।

সোমবার সকাল ১০টায় উপজেলা প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের যৌথ উদ্যোগে উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মৌদুদ আলম খাঁ’র সভাপতিত্ব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আশীষ কুমার বসু। তিনি বলেন, ‘দুর্যোগ মোকাবিলায় সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো জনগণের সচেতনতা ও প্রস্তুতি। সরকারের পাশাপাশি প্রত্যেক নাগরিক যদি নিজের অবস্থান থেকে প্রস্তুত থাকে, তবে যেকোনো দুর্যোগ সহজেই মোকাবিলা করা সম্ভব। আমরা চাই আলমডাঙ্গাকে একটি দুর্যোগ-সহনশীল উপজেলা হিসেবে গড়ে তুলতে, যেখানে মানুষ আগাম প্রস্তুত থাকবে, ভয় নয়, আত্মবিশ্বাস নিয়ে দুর্যোগ মোকাবিলা করবে।’ দিবসটি উপলক্ষে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলা মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অপরদিকে ফায়ার সার্ভিসের সহযোগিতায় ‘দুর্যোগ ও অগ্নিকাণ্ড বিষয়ে মহড়া’ কর্মসূচিও পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা ইন্সট্রাক্টর জামাল হোসেন, উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা আব্দুস সাত্তার, এস এফ ডি এফ এর উপজেলা ব্যবস্থাপক দীপক কুমার বসু, সহকারী শিক্ষা অফিসার শাহজাহান রেজা, প্রকল্প বাস্তবায়ন কার্যালয়ের উপসহকারী প্রকৌশলী নজরুল ইসলাম, ফায়ার সার্ভিসের কর্মকর্তা আল মামুন, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক শহিদুল আলম বিপুল, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের অফিস সহকারি মহসিন মোড়লসহ ও বিভিন্ন দফতরের সরকারি কর্মকর্তা, শিক্ষক-শিক্ষার্থী, সাংবাদিকসহ সমাজের বিভিন্ন শ্রেণিপেশার মানুষ অংশ নেন।